সমানই হইবে; তেমনই শ্রীহরিভক্তি যে জাতিতে যে বর্ণেতেই থাকুন না কেন, ভক্তিদৃষ্টিতে সকলেরই সমান আদর পূজা করিতে হইবে। জাতি বা বর্ণদৃষ্টিতে আদর বা পূজার ন্যুনাধিক্য ঘটিতে পারে না। পদ্মপুরাণের উত্তরখণ্ডে যাহা উক্ত হইয়াছে, তাহাতেও দেখা যায়—'শ্বপাকমিব নেক্ষেত लाक विश्वमदेवक्षवम्। देवक्षवा वर्गवाकाश्री श्रूनाि जूवनव्यम्॥ न भूजा ভগবদ্ধক্তা স্তে তু ভাগবতা নরা:। সর্ববর্ণেয়ু তে শূদা যে ন ভক্তা জনাদিনে॥" অর্থাৎ ব্রাহ্মণবংশে জন্মগ্রহণ করিয়া যদি বিষ্ণুভক্ত না হয়, তাহাকে অতি হীনজাতি শ্বপাকের মতও দেখিবে না, আর সর্ব জাতি বর্ণের বহিভূতি হইয়াও যদি বিষ্ণুভক্তিপরায়ণ হন, তাহ। হইলে তিনি ভক্তিবলে ত্রিভুবন পবিত্র করতে সমর্থ। যাঁহারা ভগবানের ঐকান্তিক ভক্ত, তাঁহারা শূদ্র নহেন অর্থাৎ সমস্ত জাতি বর্ণের অতীত। যেহেতু জাতি ও বৰ্ণ মায়িক গুণময়, শ্ৰীভগবদ্ভক্তি নিগুণা। যাঁহাদিগেতে সেই নিগুণা ভক্তি আবিভূতা হইয়াছেন, তাঁহাদিগকে গুণময় জাতি বর্ণের অন্তভূতি মনে করা ঘোরতর অপরাধজনক। এই অভিপ্রায়েই মূল শ্লোকে বলিলেন—"তে ভাগবতা নরাঃ"; সেই সকল মানুষ ভাগবত-সংজ্ঞায় অভিহিত, অর্থাৎ তাঁহারা মায়ার মামুষ নহেন কিন্তু শ্রীভগবানের নিজজন ৷ শ্রীভগবান যেমন গুণাতীত, তেমনই সেই সকল ভাগবতগণও গুণাতীত সচ্চিদানন্দ-স্বরূপ। তাঁহাদিগের দর্শনে স্পশ্নি ও সম্ভাষণে ত্রিভুবনবাসী জীবমাত্রের হৃদয়ে শ্রীভগবংস্মৃতির উদ্বোধন হইয়া থাকে। সর্ববর্ণ মধ্যে তাহারাই শূদ্র, যাহারা শ্রীভগবানে ভক্তিহীন জীবন পোষণ করে। ইতিহাসসমুচ্চয়েও দেখা যায়—"স্মৃতঃ সম্ভাষিতো বাপি পূজিতো বা দিজোত্তম। পুনাতি ভগবন্তক্তশ্চাণ্ডালোইপি যদৃচ্ছয়া"; চণ্ডাল জাতিতে উৎপন্ন হইয়াও যদি শ্রীভগবানে ভক্তিমান হয়, তাহা হইলে সেই চণ্ডাল ভক্তকেও স্মরণ করিলে, তাহার সহিত সম্ভাষণ করিলে কিংবা তাহাকে পূজা করিলে হে দিজোত্ম। তাহার ফলে হাদয়ে হরিস্মৃতি উদ্বোধন করাইয়া জीवन পविज करत्। यिन शैनकूल जम रहेग्राष्ट्र विनया विकरवत्र अि জাতিবুদ্ধিতে অবজ্ঞা করা হয়, তাহা হইলে ইতিহাসসমুচ্চয় নামক গ্রন্থে বহু দোষের কথা শুনা যায়। "শূদ্রং বা ভগবন্তক্তং নিষাদং স্বপচং তথা। বীক্ষতে জাতিসামাক্তাৎ স যাতি নরকং গ্রুবম্॥" যে জন সাধারণ জাতিদৃষ্টিতে শূদ্র, ব্যাধ কিংবা শ্বপচজাতিতে সমুৎপন্ন ভগবদ্ভক্তকে হীনজাতি বৃদ্ধি করে, তাহা হইলে সেই জন নরকে যাইবে তাহাতে কোনই সংশয় নাই। যে স্থানে ভক্তির বৈশিষ্ট্য দেখা যাইবে—সেস্থানে কিন্তু সম্মানেরও বৈশিষ্ট্য দেখিতে